অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়েস্টার্ন নিউ ইয়র্কে বাজেট বিনিয়োগের কথা তুলে ধরেন

ডাউনটাউন সংস্কার উদ্যোগ থেকে টোনাওয়ান্ডা সিটি 10 মিলিয়ন মার্কিন ডলার পেতে যাচ্ছে; অরোরা টাউন এবং গোয়ান্ডা ভিলেজ NY ফরোয়ার্ড থেকে প্রতিটি 4.5 মিলিয়ন মার্কিন ডলার করে পেতে যাচ্ছে

বাফেলোতে বিশ্ববিদ্যালয় এম্পায়ার AI, একটি অত্যাধুনিক কৃত্রিম বুদ্ধিমত্তা সেন্টার হোস্ট করার জন্য নির্বাচিত হয়েছে

বাফেলোর রিভারবেন্ড গিগাফ্যাক্টরিতে স্বয়ংক্রিয় গাড়ি চালানোর জন্য সুপার কম্পিউটার নতুন ডোজো স্থাপন করার জন্য টেসলা আগামী পাঁচ বছরে 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে

বাফেলোর জন্য 12.25 মিলিয়ন মার্কিন ডলার সহ স্থানীয়ভাবে পরিচালিত দারিদ্র্য বিমোচন উদ্যোগকে সমর্থন করার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার দিবে

আপস্টেট জুড়ে চারটি উচ্চ-প্রভাবশালী স্থানে কর্মী উন্নয়ন সেন্টার তৈরি করতে আঞ্চলিক উন্নত ম্যানুফ্যাকচারিং অংশীদারিত্বের জন্য ওয়ান নেটওয়ার্ক সংস্থা

নতুন মোবাইল ব্রেস্ট ও প্রোস্টেট ক্যান্সার স্ক্রিনিং ভ্যানগুলোর অর্থায়ন এবং স্ক্রিনিং কার্যক্রম সম্প্রসারিত করতে রোজওয়েল পার্ক ক্যান্সার ইনস্টিটিউটকে 4 মিলিয়ন মার্কিন ডলার ফান্ড দেওয়া

গভর্নর ক্যাথি হোকল আজ ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে বাজেট বিনিয়োগের বিষয়টি তুলে ধরেন। টোনাওয়ান্ডা সিটি ডাউনটাউন সংস্কার উদ্যোগের সপ্তম রাউন্ডের ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিজয়ী হিসাবে 10 মিলিয়ন মার্কিন ডলার ফান্ড পাবে এবং সেই সাথে এই বছরের ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চল NY ফরোয়ার্ড বিজয়ী হিসাবে গোয়ান্ডা ভিলেজ ও অরোরা/হ্যামলেট অভ ওয়েস্ট ফলসের টাউন হিসাবে প্রতিটি টাউন 4.5 মিলিয়ন মার্কিন ডলার পাবে। গভর্নর আরো ঘোষণা করেছেন যে বাফেলো বিশ্ববিদ্যালয় এম্পায়ার AI, একটি অত্যাধুনিক কৃত্রিম বুদ্ধিমত্তা কেন্দ্র হোস্ট করার জন্য নির্বাচিত হয়েছে। অধিকন্তু, বাফেলোর জন্য 12.25 মিলিয়ন মার্কিন ডলার সহ গভর্নর হোকল স্থানীয়ভাবে পরিচালিত দারিদ্র্য বিমোচন উদ্যোগকে সমর্থন করতে অভাবী পরিবারগুলোর জন্য এককালীন ফেডারেল অস্থায়ী সহায়তার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেন। বাজেটের উপর ভিত্তি করে, গভর্নর আপস্টেট নিউ ইয়র্ক জুড়ে চারটি উচ্চ-

প্রভাবশালী স্থানে কর্মক্ষেত্র উন্নয়ন কেন্দ্র তৈরি করতে আঞ্চলিক উন্নত অংশীদারিত্বের জন্য ওয়ান নেটওয়ার্ক সংগঠিত করেন। অবশেষে, গভর্নর হোকল নতুন মোবাইল ব্রেস্ট ও প্রোস্টেট ক্যান্সার স্ক্রিনিং ভ্যানগুলোর অর্থায়ন এবং স্ক্রিনিং কার্যক্রম সম্প্রসারিত করার জন্য রোজওয়েল পার্ক ক্যান্সার ইনস্টিটিউটকে 4 মিলিয়ন মার্কিন ডলার ফান্ড ঘোষণা করেন।

"অতীতের ভুলগুলো সংশোধন করার এটাই সময় এবং আমরা স্টেটের চারপাশের কমিউনিটিগুলোর পুনর্নির্মাণ ও উন্নয়নের প্রতিশ্রুতি অব্যাহত রেখে এটি করছি।" **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগগুলো আমাদের সুন্দর ডাউটাউনগুলোকে সংস্কার করতে, স্থানীয় অর্থনীতিকে সমর্থন করার জন্য কর্মসংস্থান তৈরি করতে এবং নিউ ইয়র্কবাসীদের পরিপূর্ণ জীবনের জন্য আরো সুযোগ ও বিকল্প প্রদান করতে সহায়তা করবে।"

সফল ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের গতিশীলতার সঙ্গে যোগ হয়ে, 100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচি DRI এর মতো একই কিন্তু নিউ ইয়র্কের অপেক্ষাকৃত ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশল গ্রহণ করেছে। উভয়টিই ডাউনটাউনের আরো ন্যায্য সংস্কারে সহায়তা করার জন্য তাৎক্ষণিক প্রকল্প বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে।ডাউনটাউন সংস্কার উদ্যোগ এবং NY ফরোয়ার্ড প্রতিটির জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়ার ব্যাপারে গভর্নরের গত বছরের অঙ্গীকারের মধ্য দিয়ে, স্টেট বর্তমানে উভয় প্রোগ্রাম শুরুর সময় থেকে মোট 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। গভর্নর তার 2025 অর্থবছরের নির্বাহী বাজেটে প্রতিটি কর্মসূচির জন্য আরো 100 মিলিয়ন ডলার করে, মোট 200 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়ার প্রস্তাব করেছেন।

টোনাওয়ান্ডার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন সংস্কার উদ্যোগের অনুদান

টোনাওয়ান্ডা সিটির DRI অনুদানটি সংস্কারের সম্ভাবনা সর্বাধিক করার জন্য এক দশকেরও বেশি সফল স্টেট এবং স্থানীয় বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে উঠবে। আরো আবেদনময়ী এবং সমৃদ্ধ পরিবেশ তৈরি করতে কৌশলগত অবস্থান ও মূল্যবান ওয়াটারফ্রন্ট সম্পদগুলোর উপর সিটির পরিকল্পনাটি প্রণয়ন করা হবে। DRI প্রকল্পগুলো ডাউনটাউনের দিকে আরো বেশি বাসিন্দা, দর্শনার্থী এবং অর্থনৈতিক কার্যক্রমকে আকৃষ্ট করার জন্য ওয়াটারফ্রন্টে সরকারি ও বেসরকারি বিনিয়োগ আনার দিকে মনোনিবেশ করে। সরকারি ও বেসরকারি প্রকল্পগুলোর বিভিন্ন মিশ্রণের মধ্যে রয়েছে আবাসন এবং বাণিজ্যিক স্থান সহ খালি ভবন/সাইটগুলোর মিশ্র-ব্যবহারের নবায়ন; ওয়াটারফ্রন্ট উন্নয়ন এবং অ্যাক্সেস; ট্রেইল উন্নয়ন; স্ট্রিটস্কেপ উন্নয়ন; ইভেন্ট স্পেস এবং পর্যটন আকর্ষণ।

এরি খালের ঠিক ওপারে নর্থ টোনাওয়ান্ডার "টুইন সিটি" 2021 সালে প্রোগ্রামের রাউন্ড 5-এ একটি DRI অনুদান পেয়েছিল। উভয় DRI ডাউনটাউন এরিয়া খালের প্রায় বিপরীত দিকে এবং ওয়াটারফ্রন্ট অ্যাক্সেস এবং উন্নয়নের প্রচার করে।

অরোরা এবং গোয়ান্ডার জন্য 4.5 মিলিয়ন মার্কিন ডলার NY ফরোয়ার্ড অনুদান

অরোরা টাউন তার NY ফরোয়ার্ড অনুদান ওয়েস্ট ফলের হ্যামলেটের দিকে মনোনিবেশ করবে, যা ক্যাজেনোভিয়া ক্রিক বরাবর প্রাথমিক গ্রামীণ সেন্টার হিসাবে একটি ঐতিহাসিক ভূমিকা পালন করে। পরিকল্পনাটি হ্যামলেটের প্রাকৃতিক সম্পদ, মনোমুগ্ধকর গ্রামীণ পরিবেশ এবং

বাসিন্দা ও দর্শনার্থী উভয়ের জন্য আরো স্বাগত, ভ্রমণ উপযোগী এবং গ্রীণ কমিউনিটি তৈরি করতে সংশ্লিষ্ট কমিউনিটিকে লাভবান করবে যার মধ্যে অনন্য স্থানীয় সুযোগ-সুবিধা এবং স্বাস্থ্যকর, পরিবার-ভিত্তিক বহিরঙ্গন ও সাংস্কৃতিক কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। প্রস্তাবিত NY ফরোয়ার্ড প্রকল্পগুলোর মধ্যে একটি সংস্কারকৃত গ্রন্থাগার এবং কমিউনিটি সেন্টার; মিশ্র-ব্যবহার, বিভিন্ন হাউজিং কমপ্লেক্স; অনন্য জেনারেল স্টোর এবং ব্লুবেরি ফার্ম ভেন্যু; উন্নত কনসার্ট এবং আর্ট সেন্টার; পুনরুদ্ধার করা ট্রেন ডিপো; এবং বহুবিধ-ব্যবহারের রেল ট্রেইল উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে।

গোয়ান্ডা ভিলেজ সত্যিকারের ছোট-টাউনের গন্তব্য হিসাবে তার সম্ভাবনাকে আহ্বান করে, পূর্বের পরিকল্পনায় সংশ্লিষ্ট হয়ে এবং কৌশলগত বিনিয়োগের মাধ্যমে ইতিমধ্যে ডাউনটাউনের নবজাগরণের স্টেজ তৈরি করেছে। NY ফরোয়ার্ড অনুদান এই গতিবেগকে গড়ে তুলবে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি, অনন্য আকর্ষণ তৈরি ও বিদ্যমান বিনোদনমূলক সম্পদে অব্যাহত বিনিয়োগের ভিত্তি হিসাবে প্রাকৃতিক সম্পদের সমৃদ্ধ ইতিহাস ও প্রাচুর্য ব্যবহার করে ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশন পূরণ করবে। প্রস্তাবিত প্রকল্পগুলোর মধ্যে রয়েছে ঐতিহাসিক হলিউড থিয়েটারের পুনরুদ্ধার; নিউ ইয়র্ক এবং লেক এরি রেলপথ ভ্রমণের উন্নয়ন; জোয়ার ভ্যালি বহুবিধ ব্যবহার এলাকার হেডওয়াটারে ক্যাটারাউগাস ক্রিক বরাবর অবস্থিত গেটওয়ে পার্কে একটি ফেডারেল সুপারফান্ড সাইটের পরিষ্কার ও পুনর্নির্মাণ এবং একটি মাইক্রো-ব্রোয়ারির উন্নয়ন।

টোনাওয়ান্ডা সিটি স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়া অনুসরণ করে এর ডাউনটাউন এলাকাকে সংস্কার করতে এবং দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধির নতুন সুযোগ সৃষ্টি করতে 10 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ অনুদান পেয়েছে। টোনাওয়ান্ডা জেমসটাউন, ওলিয়ান, লকপোর্ট, নায়াগ্রা ফল, বাফেলো, নর্থ টোনাওয়ান্ডা এবং ডানকির্কের সাথে যোগ দেয়, যেগুলো প্রথম ছয়টি DRI রাউন্ডে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিজয়ী ছিল।

টোনাওয়ান্ডা DRI অনুদানের 10 মিলিয়ন মার্কিন ডলার থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা ফান্ডে বরাদ্দ করে এটির ডাউনটাউনকে সংস্কার করার একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি এই প্রয়াসের নেতৃত্ব দিবে, বেসরকারি খাতের অভিজ্ঞ ব্যক্তি ও স্টেটের পরিকল্পনাকারীদের একটি দল তাদের সাহায্য করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় রিসোর্স ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI এর সপ্তম রাউন্ডের পরিকল্পনাগুলো 2024 সালে সম্পন্ন হবে।

অরোরা এবং গোয়ান্ডা তাদের ডাউনটাউনগুলো সংস্কার করার জন্য একটি কৌশলগত বিনিয়োগের পরিকল্পনা তৈরির প্রক্রিয়া বর্তমানে শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা

কমিটি এই প্রয়াসের নেতৃত্ব দিবে, বেসরকারি খাতের অভিজ্ঞ ব্যক্তি ও স্টেটের পরিকল্পনাকারীদের একটি দল তাদের সাহায্য করবে। এই কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় প্রতিটি কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী প্রকল্পগুলো শনাক্ত করার জন্য স্থানীয় সম্পদ ও সুযোগগুলো পরীক্ষা করা হবে। পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির নতুন সুযোগ-সুবিধা তৈরি করার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা থেকে তহবিল প্রদান করা হবে।

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ সম্পর্কে
2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এবং NYSERDA এর সহায়তায় ডিপার্টমেন্ট অভ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান।

কর্মসূচিটির প্রথম ছয় বছরে স্টেট পুনরুজ্জীবনের জন্য সুপরিণত এবং পুনর্গঠন, ব্যবসা, চাকরি তৈরি, বৃহত্তর অর্থনীতি এবং আবাসন বৈচিত্র্য ও সুযোগের চৌম্বকক্ষেত্রে পরিণত হওয়ার সম্ভাবনায় পূর্ণ 69টি ডাউনটাউন 700 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে। DRI সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে এখানে।

NY ফরওয়ার্ড কর্মসূচি সম্পর্কে
NY ফরওয়ার্ড স্টেটের অর্থনৈতিক উন্নয়ন নীতিমালার একটি কেন্দ্রীয় উপাদান। কর্মসূচিটি পুরো স্টেটের ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনসমূহকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে DRI এর সাথে একত্রে কাজ করে যাতে আকার, চরিত্র, প্রয়োজন ও সমস্যা নির্বিশেষে সকল কমিউনিটি স্টেটের পুনরুজ্জীবন প্রয়াস দ্বারা লাভবান হতে পারে। উভয় কর্মসূচি স্টেটের প্রত্যেক অঞ্চলে এমন অতি গুরুত্বপূর্ণ কিছু প্রাণবন্ত ডাউনটাউন তৈরি করছে যা অর্থনৈতিক বিকাশ, জীবনযাত্রার মান এবং আর্থসামাজিক বৈচিত্র্য উন্নত করছে।

তহবিল পাওয়ার পর, নিউ ইয়র্ক ফরোয়ার্ড কমিউনিটিসমূহ রূপান্তরমূলক, সম্পূরক এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত প্রকল্পের একটি তালিকাসহ একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা গঠন করতে একজন পেশাদার পরিকল্পনা উপদেষ্টা এবং স্টেট এজেন্সি অভিজ্ঞদের একটি দল কর্তৃক সমর্থিত হয় যাদের নেতৃত্বে থাকবে নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State, DOS)। NY ফরোয়ার্ড প্রকল্পসমূহ প্রত্যেক কমিউনিটির আকারের উপর ভিত্তি করে

যথাযথ মাত্রার হয়ে থাকে; প্রকল্পসমূহের মধ্যে ভবন সংস্কার ও পুনর্গঠন, নতুন বা উন্নত পাবলিক স্পেস নতুন করে নির্মাণ বা তৈরি করা এবং এইসব মিউনিসিপ্যালিটির পরিচিতি যে ছোট শহরের সৌন্দর্য তাকে সংজ্ঞায়িত ও অনন্য করে রাখা বিশেষ সাংস্কৃতিক এবং ঐতিহাসিক গুণকে বৃদ্ধি করার অন্যান্য প্রকল্প।

এসব কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা এবং প্রকল্প একটি স্থানীয় পরিকল্পনা কমিটির মধ্য দিয়ে যায়, যেটি ব্যাপক পরিসরে কমিউনিটিতে প্রচার-প্রসার ও সম্পৃক্ততার কাজ করে থাকে। এছাড়াও ডিপার্টমেন্ট অব স্টেট বিস্তৃত পরিসরে প্রযুক্তিগত সহায়তা এবং সক্ষমতা গড়ে তোলার ওয়েবিনার প্রদান করে থাকে — DRI কমিউনিটিগুলোর কর্মী, বিশেষজ্ঞ এবং সহকর্মীদের অংশগ্রহণে — যেগুলো এমন কমিউনিটিগুলোকে সহায়তা করার জন্য কাজ করে যেসব কমিউনিটিতে বৃহত্তর, অধিকতর শহুরে কমিউনিটিগুলোর মতো রিসোর্স ও সক্ষমতা থাকে না।

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স কম্পিউটিং সেন্টার

এম্পায়ার AI হলো সরকারি ও বেসরকারি অ্যাকাডেমিক অংশীদারদের একটি কনসোর্টিয়াম যা উদ্ভাবন, দায়িত্বশীল গবেষণা এবং অর্থনৈতিক উন্নয়নের সুবিধার্থে বাফেলো বিশ্ববিদ্যালয়ে অবস্থিত একটি অত্যাধুনিক কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন কম্পিউটিং সেন্টার তৈরি ও ব্যবহার করবে। স্টেট অনুদান এবং অন্যান্য ফান্ডে 275 মিলিয়ন মার্কিন ডলার সহ এম্পায়ার AI তৈরির জন্য সরকারি ও বেসরকারি ফান্ডে 400 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

গভর্নর অফিস অভ ইনফরমেশন টেকনোলজি সার্ভিসেস (Office of Information Technology Services, ITS)-কে প্রথমবারের মতো AI নীতি জারি করার নির্দেশ দিয়েছেন যেটি নীতিমালা ও প্যারামিটারগুলো প্রতিষ্ঠা করে যেগুলোর দ্বারা স্টেট সংস্থাগুলো নিউ ইয়র্কবাসীদের আরো ভালোভাবে পরিষেবা দেওয়ার জন্য AI সিস্টেমগুলো মূল্যায়ন ও গ্রহণ করতে পারে।

গভর্নর হোকল আরো ঘোষণা দিয়েছেন যে মার্কিন অটোমোটিভ ও ক্লিন এনার্জি কোম্পানি টেসলা তাদের 500 মিলিয়ন মার্কিন ডলারের ডোজো সুপার কম্পিউটার স্থাপন করবে, যা এরি কাউন্টির বাফেলোতে অবস্থিত রিভারবেন্ড গিগাফ্যাক্টরিতে টেসলার বৈদ্যুতিক গাড়ি থেকে লাখ লাখ টেরাবাইট ডেটা প্রক্রিয়া করার ক্ষমতা প্রদান করবে। এই ডেটা কোম্পানিটিকে তার সম্পূর্ণ স্ব-চালিত এবং উন্নত চালক সহায়ক যানবাহনগুলোর সুরক্ষা এবং প্রকৌশল উন্নত করার সুযোগ দিবে। নিউ ইয়র্কের নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ, শক্তিশালী টেলেন্ট পাইপলাইন এবং প্রকল্পের জন্য ব্যবহারযোগ্য জায়গার উপলভ্যতা দেখে টেসলার এই সিদ্ধান্তের কথা জানানো হয়েছে।

দারিদ্র্য বিমোচনের উদ্যোগসমূহ

গভর্নর হোকল বাফেলো সিটির জন্য 12.25 মিলিয়ন মার্কিন ডলার সহ স্থানীয়ভাবে চালিত দারিদ্র্য বিমোচন উদ্যোগকে সহায়তা করার জন্য অভাবী পরিবারগুলোর জন্য এককালীন ফেডারেল অস্থায়ী সহায়তা (Federal Temporary Assistance for Needy Families, TANF) ফান্ডে 50 মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার কথা ঘোষণা করেন। সর্বোচ্চ শিশু দারিদ্র্যের হার সহ শীর্ষ দশটি নিউ ইয়র্ক স্টেট জিপ কোডগুলোর মধ্যে নয়টি আপস্টেট নিউ ইয়র্কে রয়েছে এবং এই জিপ কোডগুলোর অর্ধেকেরও বেশি শিশু এমন পরিবারে রয়েছে যারা ফেডারেল দারিদ্র্যসীমার নীচে বাস করছে।

আঞ্চলিক উন্নত ম্যানুফ্যাকচারিং অংশীদারিত্বের জন্য ওয়ান নেটওয়ার্ক
গভর্নর হোকল আপস্টেট নিউ ইয়র্ক জুড়ে চারটি উচ্চ-প্রভাবশালী স্থানে কর্মী উন্নয়ন কেন্দ্র তৈরি করতে ওয়ান নেটওয়ার্ক ফর রিজিওনাল অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং পার্টনারশিপস (One Network for Regional Advanced Manufacturing Partnership, ON-RAMP) সংগঠিত করেছিলেন। নিউ ইয়র্ক স্টেট জুড়ে কর্মী উন্নয়ন জোরদার করার জন্য বেশ কয়েকটি প্রস্তাব সহ নিউ ইয়র্কবাসীদের ভবিষ্যতের কর্মসংস্থানের জন্য প্রস্তুত করতে গভর্নরের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে এটি তৈরি। ON-RAMP উন্নত ম্যানুফ্যাকচারিং সম্পর্কিত প্রমাণপত্রাদি এবং প্রশিক্ষণ প্রদান করে এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য সুযোগ প্রদানের দিকে মনোনিবেশ করে। প্রোগ্রামটি বাফেলোর নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টারের আদলে বাফেলো-সিরাকিউজ-রচেস্টার টেক হাব থেকে অ্যালবানি পর্যন্ত I-90 করিডোর বরাবর আপস্টেট নিউ ইয়র্কের অঞ্চলগুলোতে মনোনিবেশ করবে।

ON-RAMP নিয়োগকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান, কমিউনিটি সংস্থা এবং স্টেট ও স্থানীয় সরকারগুলোর মধ্যে অংশীদারিত্বের অনুঘটক হিসেবে কাজ করবে। প্রতিটি সেন্টার স্থানীয় শ্রম পুলের দক্ষতা তৈরি করবে, নিয়োগকর্তাদের তাদের প্রয়োজনীয় দক্ষ শ্রমিকদের সাথে সংযুক্ত করবে এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য প্রশিক্ষণ, শিক্ষানবিশ এবং কর্মসংস্থানের জন্য দীর্ঘস্থায়ী অর্থনৈতিক ON-RAMP তৈরি করবে।

রোজওয়েল পার্ক ক্যান্সার ইনস্টিটিউট
গভর্নর নতুন মোবাইল ব্রেস্ট ও প্রোস্টেট ক্যান্সার স্ক্রিনিং ভ্যানের অর্থায়ন এবং স্ক্রিনিং কার্যক্রম সম্প্রসারণের জন্য রোজওয়েল পার্ক ক্যান্সার ইনস্টিটিউটকে 4 মিলিয়ন মার্কিন ডলার ফান্ড দেওয়ার কথাও ঘোষণা করেছেন। 2023 সালের অক্টোবরে, গভর্নর হোকল নিউ ইয়র্কের প্রথম সেল এবং জিন থেরাপি হাব এরি কাউন্টির বাফেলোর রোজওয়েল পার্ক কম্প্রিহেনসিভ ক্যান্সার সেন্টারে স্থাপনের ঘোষণা দিয়েছিলেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন